# Meeting of Focal Points of India, France and UAE

July 28, 2022

# মুখ্য আলোচ্য বিষয়গুলি নিয়ে ভারত, ফ্রান্স এবং ইউএই-র বৈঠক

জুলাই 28,2022

মুখ্য আলোচ্য বিষয়গুলি নিয়ে ভারত, ফ্রান্স ও ইউনাইটেড আরব এমিরেটস- এর মধ্যে একটি ত্রিপাক্ষীয়বৈঠক আজ অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় পক্ষকে নেতৃত্ব দিয়েছেন যুগ্ম সচিব(ইউরোপ পশ্চিম) সন্দীপ চক্রবর্তী এবং যুগ্ম সচিব(গালফ) শ্রী বিপুল। ফ্রান্সকে নেতৃত্ব দিয়েছেন ফ্রান্সের ইউরোপ মন্ত্রক ও বিদেশ মন্ত্রকেরডিরেক্টর (এশিয়া ও ওসেনিয়া) বার্টান্ড লোরথোলারি এবং ডেপুটি ডিরেক্টর (মধ্য এশিয়া ও উত্তর আফ্রিকা) ইমানুয়েল সুকুয়েট। এমিরাতি পক্ষকে নেতৃত্ব দিয়েছেন ইউএই –র বিদেশ মন্ত্রকের অর্থনৈতিক ও বাণিজ্য বিভাগের ডেপুটি ডিরেক্টর আহমেদ বুরহাইমা।

2. ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল নিয়ে তিন পক্ষ তাদের নিজ নিজ দৃষ্টিভঙ্গি বিনিময় করেছেন এবং ত্রিপাক্ষীয় সহযোগিতার সম্ভবনাপূর্ণ অঞ্চলগুলি নিয়ে মত বিনিময় করেছেন যেমন,সমুদ্র নিরাপত্তা, মানবিক সহায়তা এবং বিপর্যয়ে রিলিফ(এইচএডিআর), ব্লু ইকোনমি, আঞ্চলিক যোগাযোগ, সহযোগিতা এবং বহুপক্ষীয় ফোরা, শক্তি এবং খাদ্য নিরাপত্তা, উদ্ভাবন এবং স্টার্টআপ্স, যোগান শৃঙ্খলের স্থিতিস্থাপকতা এবং সাংস্কৃতিক ও জনগণের সাথে জনগণের যোগাযোগ। ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ত্রিপাক্ষীক সহযোগিতা আরও জোরদার করার জন্য পরবর্তী পদক্ষেপ নিয়েও তারা আলোচনা করেছেন।

**নিউ দিল্লি**
**জুলাই 28,2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.